অবিলম্বে প্রকাশের জন্য: 1/13/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্কবাসীকে ফেডারেল সরকারের বেপরোয়া আক্রমণ থেকে বাঁচাতে প্রস্তাবনা প্রকাশ করলেন

সাংবিধানিক লঙ্ঘনের জন্য ফেডারেল অফিসারের বিরুদ্ধে মামলা করার একটি অধিকার প্রতিষ্ঠা করা

নিউ ইয়র্কবাসীকে সেনসিটিভ অবস্থানে ফেডারেল অফিসারদের থেকে রক্ষা করা

2030 সালের আদমশুমারিতে প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে গণনা করা

নিউ ইয়র্কের কৃষকদেরকে ফেডারেল ট্যারিফের বাঁধা থেকে রক্ষা করা

নিউ ইয়র্ক স্টুডেন্ট বরোয়ার ক্যাম্পেইনকে উন্নত করা

নিউ ইয়র্কের খাদ্য সেফটি নেট জোরদার করা

মানসম্পন্ন, সাশ্রয়ী স্বাস্থ্যসেবা রক্ষা করা; ওষুধের খরচ কমিয়ে আনা; এবং ইমিউনাইজেশনের অ্যাক্সেস রক্ষা করা

গভর্নর Hochul (হোকল) আজকে তার 2026 সালের স্টেট অফ দ্য স্টেটের (State of the State) অংশ হিসেবে নিউ ইয়র্কবাসীকে ফেডারেল সরকারের বেপরোয়া আক্রমণ থেকে বাঁচাতে প্রস্তাবনা প্রকাশ করেছেন। ওয়াশিংটনের (Washington) রিপাবলিকানরা খরচ বাড়িয়ে চলেছেন, স্বাস্থ্যসেবা ও খাদ্য সহায়তা কেড়ে নিচ্ছেন, এবং নিউ ইয়র্কবাসীদের অধিকার ও স্বাধীনতা কেড়ে নিচ্ছেন, এমন সময় গভর্নর Hochul (হোকল) এমন আরো পরিকল্পনা ঘোষণা করছেন যা পুরো স্টেটের কর্মজীবী পরিবারকে সমর্থন করবে ও তাদের পাশে থাকবে। গভর্নর Hochul (হোকল) স্পষ্ট করেছেন যে নিউ ইয়র্ক স্টেট (New York State) ওয়াশিংটন থেকে আসা সকল তহবিল কমানোর ভর্তুকি দিতে পারবে না, কিন্তু আমরা নিউ ইয়র্কের পরিবারগুলিকে আক্রমণ থেকে বাঁচাতে থাকবো।

"নিউ ইয়র্ক এখন ওয়াশিংটনের রিপাবলিকানদের বেপরোয়া পদক্ষেপের ফলে অনেক বড় ঝড়ের মুখোমুখি হয়ে আছেন," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "নিউ ইয়র্কবাসীকে ফেডারেল ইমিগ্রেশন এনফোর্সমেন্ট নজিরবিহীন ভাবে বেড়ে যাওয়া থেকে রক্ষা করা হোক, বা

পরিবারের যাতে স্বাস্থ্যসেবার অ্যাক্সেস থাকে তা নিশ্চিত করা হোক, বা Trump-এর (ট্রাম্প) ট্যারিফের শিকার হওয়া ছোট ব্যবসাকে সমর্থন করা হোক, ফেডারেল পর্যায়ে যাই হোক না কেনো আমি নিউ ইয়র্কবাসীর পক্ষে কাজ করতে থাকবো।"

সাংবিধানিক লঙ্ঘনের জন্য ফেডারেল অফিসারের বিরুদ্ধে মামলা করার একটি অধিকার প্রতিষ্ঠা করা

আগ্রাসী ফেডারেল ইমিগ্রেশন এনফোর্সমেন্ট নজিরবিহীন ভাবে বেড়ে যাওয়ার ফলে পুরো ইউনাইটেড স্টেটসের (United States, U.S.) কমিউনিটিগুলি আক্রমণমূলক কৌশলের ভয়ে আছে যা সাংবিধানিক অধিকার নষ্ট করছে বলে অভিযোগ আসছে।

পুরো স্টেটের কমিউনিটিগুলোকে রক্ষা করতে এবং সাংবিধানিক অধিকার লঙ্ঘন করা হলে জবাবদিহিতা নিশ্চিত করতে, গভর্নর Hochul (হোকল) এমন লেজিস্লেশন অগ্রসর করবেন যা নিউ ইয়র্কবাসীকে তাদের অধিকার লঙ্ঘন হলে ন্যায়বিচার চাওয়ার একটি স্পষ্ট পথ দিবে।

প্রস্তাবনাটি ব্যক্তিকে নিউ ইয়র্কবাসীর U.S.-এর সাংবিধানিক অধিকার নষ্ট করা ফেডারেল অফিসারদের বিরুদ্ধে স্টেট পর্যায়ের সিভিল অ্যাকশন নেওয়ার অনুমোদন দিবে, যা আইনের অন্য সব ক্ষেত্রে ইতিমধ্যে বিদ্যমান একই আইনি স্ট্যান্ডার্ডের সাথে মানানসই হবে। উল্লেখযোগ্য এই যে, স্টেট এবং স্থানীয় অফিসাররা ইতিমধ্যেই এই স্ট্যান্ডার্ডের আওতায় আছেন, যার মধ্যে আছে স্পষ্টভাবে প্রতিষ্ঠিত আইনের অধীনে কাজ করা আইন শৃঙ্খলা রক্ষাকারী অফিসারদের সুরক্ষা দেওয়ার যোগ্য আইন। এই লেজিস্লেশনটি নিশ্চিত করবে যাতে ফেডারেল অফিসারদের এই স্ট্যান্ডার্ডের অধীনে জবাবদিহি করতে হয়। স্টেটের আইনকে বিদ্যমান ফেডারেল সিভিল রাইট ফ্রেমওয়ার্কের সাথে মানানসই করার মাধ্যমে এই প্রস্তাবনাটি সাংবিধানিক সুরক্ষা জোরদার করে এবং ফেডারেল অথোরিটি জন্য নিউ ইয়র্কে সংবিধানের বাইরে গিয়ে অত্যাচার করে তখন নিউ ইয়র্কবাসীকে একটি অর্থপূর্ণ আইনি রিসোর্স দেয়।

সেনসিটিভ অবস্থানে নিউ ইয়র্কবাসীকে সুরক্ষা দেওয়া

অনেক দশক ধরে উভয় পক্ষের অধীনে ফেডারেল পলিসি সেনসিটিভ অবস্থান, যেমন স্কুল, হাসপাতাল, এবং প্রার্থনার ঘরে ওয়ারেন্ট ছাড়া সিভিল ইমিগ্রেশন এনফোর্সমেন্ট সীমিত থেকেছে। সাম্প্রতিক ফেডারেল পরিবর্তন এইসব সুরক্ষাকে বাতিল করেছে, জননিরাপত্তা, স্কুলের কমিউনিটি, সেবা পাওয়ার সুযোগ, এবং অতি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের উপর আস্থা নষ্ট করছে।

নিউ ইয়র্কবাসীদের শান্তিতে স্কুলে যেতে পারা, চাইল্ড কেয়ারের অ্যাক্সেস, মেডিকেল সেবা পাওয়া, এবং প্রার্থনা করতে পারা উচিত। গভর্নর Hochul (হোকল) এমন লেজিস্লেশনের প্রস্তাব করবেন যা সেনসিটিভ অবস্থানকে একটি জুডিশিয়াল ওয়ারেন্ট ছাড়া সিভিল ইমিগ্রেশন এনফোর্সমেন্ট থেকে রক্ষা করা নিশ্চিত করবে। এই ব্যবস্থাটি অতি প্রয়োজনীয় কমিউনিটি স্থানে শিশু ও পরিবারের স্থিতিশীলতা নিশ্চিত করবে।

প্রত্যেক নিউ ইয়র্কবাসীকে গণনা করা

দশ বছর পর পর হওয়া আদমশুমারি হলো নিউ ইয়র্কের রাজনৈতিক রিপ্রেজেন্টেশন এবং ফেডারেল তহবিলের ভিত্তি। 2020-এর আদমশুমারির পর স্টেট U.S. হাউজ অফ

রিপ্রেজেন্টেটিভসে (House of Representatives) মাত্র 89 বাসিন্দা কম হওয়ার কারণে একটি আসন হারায়, যা ইতিহাসের সবথেকে ছোট মার্জিনগুলির একটি। নিউ ইয়র্কের বাসিন্দাদের গণনা না করলে তা ওয়াশিংটনে স্টেটের গুরুত্বকে সরাসরি প্রভাবিত করে, এবং আমাদের রাস্তা, ব্রিজ, হাসপাতাল এবং স্কুলকে সমর্থন করা ফেডারেল সহায়তা, এবং একই সাথে মেডিকেইড (Medicaid), Supplemental Nutrition Assistance Program (SNAP), এবং Women, Infants, Children (WIC)-এর মতো যেসব প্রোগ্রামের উপর পরিবার নির্ভর করে সেই অতি প্রয়োজনীয় প্রোগ্রাম থেকে আমাদের বহু বিলিয়ন মার্কিন ডলারের ন্যায্য অংশ ঝুঁকিগ্রস্ত করে।

ফেডারেল সরকার যেহেতু আদমশুমারির অপারেশনের দায়িত্ব স্টেটগুলিকে দিতে যাওয়ার ইঙ্গিত করছে, তাই গভর্নর Hochul (হোকল) আদমশুমারির পরিকল্পনার প্রক্রিয়া আগে আগে শুরু করবেন, নিশ্চিত করবেন যাতে নিউ ইয়র্ক তাদের ফেডারেল রিসোর্সের ন্যায্য অংশ নিশ্চিত করতে পারে এবং আগামী দশকে প্রত্যেক কমিউনিটি অ্যালবানি (Albany) ও ওয়াশিংটনে সঠিক রিপ্রেজেন্টেশন পায়। সকল নিউ ইয়র্কবাসী, যার মধ্যে ঐতিহাসিকভাবে গণনা করা কঠিন এমন জনসংখ্যা যেমন কম আয়ের বাসিন্দা, পাঁচ বছরের কম বয়সের শিশু, এবং ভাড়াটিয়া থাকবেন, যাতে যথাযথ রিপ্রেজেন্টেশন পান তা নিশ্চিত করতে তিনি সক্রিয় পদক্ষেপ নিবেন। বিশেষ করে, তিনি যা করবেন:

- কৌশলী পরিকল্পনা, সমন্বয়, এবং কমিউনিটির আউটরিচের দায়িত্ব দিয়ে একটি স্টেট সেন্সাস কমিশন প্রতিষ্ঠা করবেন
- পরিকল্পনার চেষ্টার নেতৃত্ব দিতে এবং এজেন্সিগুলির মধ্যে কাজের সমন্বয় করতে স্টেটের জন্য একজন লীড প্ল্যানার সনাক্ত করবেন
- জনগণের শিক্ষার চেষ্টায় নেতৃত্ব দিতে এবং গণনা করা কঠিন এমন এলাকায় বিশেষ করে আস্থা গঠন করতে এজেন্সি ও কমিউনিটিভিত্তিক অর্গানাইজেশনগুলিকে আহ্বান করবেন
- কাউন্টি, সিটি, টাউনশিপ, এবং উপজাতি সরকারগুলিকে লোক্যাল আপডেট অফ সেন্সাস অ্যাড্রেসেস (Local Update of Census Addresses, LUCA) আপডেটে করতে সমর্থন করবে, নিশ্চিত করবে যাতে প্রত্যেক বাসিন্দাকে সঠিকভাবে মানচিত্রে রাখা হয়। 2020 সালে LUCA চেষ্টা 800,00-এর [sic] বেশি নিশ্চিত করে

নিউ ইয়র্কের কৃষকদের ফেডারেল ট্যারিফের বাঁধা থেকে রক্ষা করা

কৃষি হলো নিউ ইয়র্কের অর্থনীতির ভিত্তি, কিন্তু ফেডারেল সরকারের ভুল ট্যারিফ পলিসি আমাদের কৃষকদের প্রতিযোগিতায় টিকে থাকাকে ঝুঁকিগ্রস্ত করেছে। কানাডা (Canada) এবং মেক্সিকোর (Mexico) মতো মুখ্য আন্তর্জাতিক পার্টনারদের সাথে বাণিজ্য যুদ্ধ শুরু করার মাধ্যমে ফেডারেল পদক্ষেপ অতি প্রয়োজনীয় রিসোর্স, যেমন বীজ, সার, এবং প্রয়োজনীয় মেশিনারির দাম বাড়িয়ে দিয়েছে, এবং একই সাথে মার্কেটকে অস্থিতিশীল করেছে। যদিও U.S. ডিপার্টমেন্ট অফ এগ্রিকালচার (Department of Agriculture, USDA) সম্প্রতি একটি ন্যাশনাল অ্যাসিস্টেন্স প্রোগ্রাম ঘোষণা করেছে, এটি নিউ ইয়র্কের জন্য মৌলিকভাবে ভুল কারণ এটি স্পেশাল্টি ফসল এবং ডেইরি খাতকে প্রায় কোনো অর্থপূর্ণ সমর্থনই দেয় না।

ফেডারেল সরকারের তৈরি করা এই সমস্যার সমাধান করতে গভর্নর Hochul (হোকল) Agricultural Resiliency Against Tariffs প্রোগ্রামের প্রস্তাবনা করছেন, যা নিউ ইয়র্কের

স্পেশাল্টি ফসল উৎপাদনকারী, গবাদি পশু উৎপাদনকারী, এবং ডেইরি ফার্মারদের 30 মিলিয়ন মার্কিন ডলার সরাসরি পেমেন্ট দিবে। এই উদ্যোগটি ট্যারিফের কারণে বাড়তে থাকা খরচ কমাতে অতি প্রয়োজনীয় সমর্থন বরাদ্দ করবে। এই প্রোগ্রামটি আমাদের কৃষি কমিউনিটির প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতিকে জোরদার করবে, এবং একই সাথে স্থানীয় চাকরিকে নিরাপদ রাখবে এবং নিশ্চিত করবে যাতে আমাদের কৃষকদের কাছে কঠিন গ্লোবাল বাজারে প্রতিযোগিতা করার প্রয়োজনীয় নিশ্চয়তা থাকে।

নিউ ইয়র্কের স্টুডেন্ট বরোয়ার সাপোর্ট ক্যাম্পেইন উন্নত করা হবে

স্টুডেন্ট লোন পলিসিতে ফেডারেল পরিবর্তন বিদ্যমান রিপেমেন্ট অপশনকে বাতিল করছে এবং 2026 সাল থেকে শুরু করে লোনের জন্য স্টুডেন্টদের অ্যাক্সেসকে সীমিত করছে। ঋণ নেওয়ার অবস্থা বর্তমান এবং ভবিষ্যতে ঋণ নেওয়া ব্যক্তিদের জন্য অনেক বেশি জটিল হয়ে গেছে। গভর্নর Hochul (হোকল) Education Debt Consumer Assistance প্রোগ্রামের (EDCAP) মাধ্যমে সেবা বাড়ানোর ঘোষণা করবেন যাতে ঋণ নেওয়া ব্যক্তিদেরকে দিন দিন জটিল হতে থাকা, স্টুডেন্ট লোনের সাথে সম্পর্কিত পলিসির প্রসঙ্গে কাজ করার উপায় সম্পর্কে শিক্ষাদান করবে, যাতে ভুল এড়ানো এবং তার থেকে উদ্ধার পাওয়া যায়।

নিউ ইয়র্কের দেশের প্রথম স্টুডেন্ট লোন ভোক্তা সহায়তা প্রোগ্রাম, EDCAP, যা 2019 সালে শুরু হওয়ার পর থেকে নিউ ইয়র্কবাসীর 48 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করেছে, তা একটি আগ্রাসী ক্যাম্পেইন শুরু করবে যাতে কলেজ এবং ইউনিভার্সিটিগুলির সাথে সরাসরি পার্টনারশিপ করে ঋণের ক্ষেত্রে ভুল করা, বা শীঘ্রই ঋণের ক্ষেত্রে ভুল করতে পারেন এমন স্টুডেন্ট লোন বরোয়ারদের কাছে পৌঁছে, তাদের সাহায্য এবং শিক্ষা দেওয়া যায়, এটির মনোযোগ থাকবে সরকারি প্রতিষ্ঠানের উপর, যাতে একটি দৃঢ় তিনমুখী মডেল তৈরি করা যায় যা ওয়েবিনার, সেলফ-পেসড ব্যবস্থা, এবং এক-এক কাউন্সেলিংকে একত্রিত করে। এছাড়াও ডিপার্টমেন্ট অফ ফাইন্যান্সিয়াল সার্ভিসেস (Department of Financial Services) একটি নতুন শিক্ষা প্রোগ্রাম তৈরি করবে যা ব্যক্তিদেরকে লুট করার ইচ্ছায় ঋণ দেওয়া সম্পর্কে তথ্য দিবে এবং বাড়তি কাস্টোমার আউটরিচের চেষ্টা করবে। একসাথে এই পদক্ষেপগুলি স্টুডেন্ট বরোয়ারদের বদলে যেতে থাকা নিয়ম মেনে চলতে, ভুল হওয়া থেকে বের হয়ে আসতে এবং উদ্ধার পেতে সমর্থন সেবার অ্যাক্সেস পেতে, এবং লুট করার ইচ্ছায় ঋণ দেওয়ার চক্র থেকে বাঁচতে সাহায্য করবে।

নিউ ইয়র্কের খাদ্য সেফটি নেট জোরদার করা

ফেডারেল সরকারের সাম্প্রতিক শাটডাউন জাতিকে মনে করিয়ে দিয়েছে যে পুষ্টির সেফটি নেট কতটা দুর্বল হতে অপরে এবং কত বেশি নিউ ইয়র্কবাসী খাদ্য অনিরাপত্তার ঝুঁকিতে আছেন। শাটডাউনের সাড়াদান হিসেবে গভর্নর Hochul (হোকল) খাদ্য সহায়তা প্রোগ্রামগুলির জন্য দ্রুত বাড়তি 65 মিলিয়ন মার্কিন ডলার দিয়েছেন যাতে হাজার হাজার নিউ ইয়র্কবাসীকে তাদের প্রয়োজনের সময় খাবার দেওয়া যায়।

এই পদক্ষেপগুলিকে অগ্রসর করতে এবং আমাদের জরুরি খাদ্য ব্যবস্থাকে আরো জোরদার করতে, গভর্নর Hochul (হোকল) এখন ডিপার্টমেন্ট অফ হেলথের (Department of Health, DOH) Hunger Prevention and Nutrition Assistance প্রোগ্রামে (HPNAP) আরো বিনিয়োগ

করার ঘোষণা করেছেন, যা নিউ ইয়র্কের প্রায় 2,700 খাদ্য ব্যাংক, প্যান্ট্রি, এবং স্যুপ কিচেনের নেটওয়ার্ককে অভাবী নিউ ইয়র্কবাসীর কাছে পৌঁছাতে সাহায্য করবে। নতুন রিসোর্স অপারেশন জোরদার ও বড় করবে, যার ফলে তারা আরো বেশি মানুষের কাছে আরো স্বাস্থ্যকর বিকল্প পৌঁছে দিতে পারবে।

গভর্নর Hochul (হোকল) এছাড়াও নিউ ইয়র্কের EBT কার্ড আপডেট করবেন যাতে কার্ডকে গণ স্ক্যামিং থেকে প্রায় অপ্রতিরোধ্য করার চিপভিত্তিক টেকনোলজি নিশ্চিত করা যায়। ফেডারেল অ্যাডমিনিস্ট্রেশন যখন যত বেশি সম্ভব নিউ ইয়র্কবাসীর থেকে SNAP বেনিফিট কেড়ে নেওয়ার চেষ্টা করছে এবং অপরাধীরা যে দুর্বল গৃহস্থালিতে অতি গুরুত্বপূর্ণ খাদ্য সহায়তা চুরি করছে তা দেখেও না দেখার ভান করছে, তখন চিপভিত্তিক EBT কার্ডে ট্রানজিশন করলে তা SNAP-এর মার্কিন ডলার নিরাপদ রাখতে সাহায্য করবে, যার উপর নিউ ইয়র্কবাসীরা তাদের পরিবারের জন্য খাবার কিনতে নির্ভর করেন।

মানসম্পন্ন, সাশ্রয়ী স্বাস্থ্যসেবাকে রক্ষা করে

দেশের সবথেকে কম আনইন্স্যুরড হারের একটি অর্জন করার পরেও, সাম্প্রতিক ফেডারেল পদক্ষেপ নিউ ইয়র্কে হেলথ কভারেজের সামর্থ্য এবং অ্যাক্সেসিবিলিটিকে ঝুঁকিগ্রস্ত করছে। নিউ ইয়র্কের এসেন্সিয়াল প্ল্যান (Essential Plan) থেকে মোট 7.5 বিলিয়ন মার্কিন ডলার ফেডারেল তহবিল কেটে নেওয়া হয়েছে, যা প্রোগ্রামের বার্ষিক তহবিলের অর্ধেকের বেশি, যা প্রোগ্রামের ধারাবাহিক টিকে থাকাকে ঝুঁকিগ্রস্ত করেছে। ফেডারেল এনহ্যান্সড প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিটের মেয়াদ শেষ হয়ে যাওয়ার অর্থ হলো 2026 সালে 140,000-এর বেশি নিউ ইয়র্কবাসী 40% বেশি প্রিমিয়াম দিবেন। একসাথে নেওয়া এই ফেডারেল পলিসিগুলির উদ্দেশ্য হলো নিউ ইয়র্কবাসীর জন্য সাশ্রয়ী হেলথ কভারেজ আনতে এক দশকের বেশি সময়ের অগ্রগতি নষ্ট করা।

কষ্ট করে জেতা এই লাভকে নিরাপদ রাখার জন্য গভর্নর Hochul (হোকল) ডিপার্টমেন্ট অফ হেলথকে বিদ্যমান কভারেজ রক্ষা করা ও জোরদার করার জন্য এবং নতুন কভারেজের বিকল্প নিয়ে কাজ করার পদক্ষেপ নিতে নির্দেশ দিবেন। কভারেজ হারানো সামাল দিতে, গভর্নর Hochul (হোকল) DOH-কে সেন্টার্স ফর মেডিকেয়ার অ্যান্ড মেডিকেইড সার্ভিসেসের (Centers for Medicare and Medicaid Services) কাছে একটি আবেদন জমা দিতে নির্দেশ দেন যাতে এসেন্সিয়াল প্ল্যানকে একটি Basic Health প্রোগ্রামে ফেরত নেওয়া হয়, এই পদক্ষেপটি 1.3 মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য কভারেজ রক্ষা করবে, যাদের জন্য প্রিমিয়ামহীন এই প্রোগ্রামটি একটি অতি গুরুত্বপূর্ণ লাইফলাইন। এই ট্রানজিশনের জন্য যে 450,000 নিউ ইয়র্কবাসী তাদের বর্তমান এসেন্সিয়াল প্ল্যান কভারেজ হারাবেন তাদের জন্য গভর্নর Hochul (হোকল) ডিপার্টমেন্টকে নির্দেশ দিবেন যাতে তারা সাশ্রয়ী কভারেজ বিকল্প তৈরি ও বাস্তবায়ন করার ব্যাপারে ফেডারেল সরকারের সাথে আলোচনা করেন যাতে ফেডারেল তহবিল কমানোর ফলে প্রভাবিত হওয়া মানুষের জন্য সাশ্রয়ী স্বাস্থ্যসেবার অ্যাক্সেস টিকিয়ে রাখা যায়।

ওষুধের খরচ কমিয়ে আনতে নিউ ইয়র্কের কেনার ক্ষমতাকে কাজে লাগায়

2023 সালে নিউ ইয়র্কের মেডিকেইড ফার্মেসি বেনিফিট থেকে সরল করা NYRx প্রোগ্রামে ট্রানজিশনের পর, যা স্টেটকে 600 মিলিয়ন মার্কিন ডলারের বেশি নতুন ড্রাগ রিবেট দিয়েছে, নিউ ইয়র্ক ফার্মেসি বেনিফিট ব্যবস্থাপনা এবং সংশোধনের ক্ষেত্রে দেশের শীর্ষ অবস্থানে আছে।

তবে, স্টেটের আকার এবং মার্কেটের অংশ বিবেচনা করলে, নিউ ইয়র্কের সাপ্লিমেন্টাল রিবেট, অর্থাৎ ফেডারেল বাধ্যতামূলক রিবেটের পর যে মেডিকেইড ডিসকাউন্ট পাওয়ার জন্য স্টেট আলোচনা করেছে, তা জাতীয় স্ট্যান্ডার্ড অনুযায়ী সাধারণ, এবং একই সাথে সার্বিকভাবে পুরো দেশের ওষুধের দাম বেড়ে চলেছে।

ফার্মাসিউটিক্যাল দাম একাধারে বেড়ে চলার সমাধান করতে এবং নিউ ইয়র্কের কেনার ক্ষমতা ব্যবহার করে গভর্নর Hochul (হোকল) ডিপার্টমেন্ট অফ হেলথকে বেশি দামের ওষুধের নির্দিষ্ট শ্রেণীকে সনাক্ত করতে এবং লক্ষ্য করতে নিদেশ দিবেন যাতে স্টেটের জন্য আরো ভালো ডিসকাউন্ট পেতে ম্যানুফ্যাকচারারদের সাথে সরাসরি আলোচনা করা যায়। এই পদক্ষেপটি মেডিকেইড প্রোগ্রামের জন্য উল্লেখযোগ্য সাশ্রয় নিয়ে আসবে, এমন একটি সময় যখন ফেডারেল তহবিল কমানোর কারণে খরচের চাপ উল্লেখযোগ্য বেড়েছে, এবং একই সাথে পুরো স্টেটে ফার্মাসিউটিক্যাল খরচ কম করতে ভবিষ্যতের উদ্যোগের ভিত্তি স্থাপন করবে।

ইমিউনাইজেশন অ্যাক্সেস রক্ষা করবে

নিউ ইয়র্কের ইমিউনাইজেশন পলিসি ফেডারেল ভ্যাক্সিন সময়সূচীর উপর নির্ভর করে, যা বর্তমান অ্যাডমিনিস্ট্রেশনের অধীনে দিন দিন আরো কম বিজ্ঞানকেন্দ্রিক হয়ে যাচ্ছে। এটি স্কুল, স্বাস্থ্যসেবা প্রদানকারী, এবং সাধারণ নিউ ইয়র্কবাসীর জন্য একটি অনিশ্চয়তা তৈরি করে; এছাড়াও এটি আমাদের কমিউনিটির স্বাস্থ্যকে ঝুঁকিগ্রস্ত করে, এবং কোনো কোনো ক্ষেত্রে রোগীর খরচ বাড়িয়ে দেয়।

নিউ ইয়র্কবাসীকে নিরাপদ রাখতে এবং অর্থ তাদের পকেটে রাখতে গভর্নর Hochul (হোকল) এমন লেজিস্লেশন অগ্রসর করবেন যা নিশ্চিত করবে যাতে নিউ ইয়র্ক গ্রহণযোগ্য মেডিকেল সাইন্স এবং জনস্বাস্থ্যের চাহিদা অনুযায়ী তাদের নিজস্ব ইমিউনাইজেশন স্ট্যান্ডার্ড স্থির করতে পারে। প্রস্তাবনাটি হেলথ কমিশনারকে স্বীকৃত মেডিকেল অর্গানাইজেশনগুলির পরামর্শ নিয়ে একটি ইমিউনাইজেশন আবশ্যিকতা স্থাপন করার অনুমোদন দিবে যা স্কুলের যোগ্যতা, ক্লিনিক্যাল প্র্যাকটিস, এবং ইনস্যুরেন্সের কভারেজকে গাইড করতে পারে। এটি সেবাদানকারী এবং ইনস্যুরারদের স্পষ্টতা দিবে, ভ্যাক্সিনের অ্যাক্সেস রক্ষা করবে, এবং পুরো স্টেটের জনস্বাস্থ্যকে জোরদার করবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন